# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর

## বাংলাদেশ সচিবালয়

## ঢাকা

# সংবাদ গতিধারা

### ঢাকা, বুধবার ২০ জুলাই ২০১৬, ৫ শ্রাবণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সব বাহিনীকে আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষতা অর্জন করতে হবে
: এসএসএফের প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী

২। দেশবাসীকে সঙ্গে নিয়ে জঙ্গিবাদ প্রতিহত করবো : সংসদে প্রধানমন্ত্রী

৩। মানবসম্পদ উন্নয়নে সহায়তা চাইলেন বাণিজ্যমন্ত্রী : ডব্লিউটিও মহাপরিচালকের সঙ্গে বৈঠক

৪। জঙ্গিবাদ ও অনাচার রুখবে চলচ্চিত্র : তথ্যমন্ত্রী

৫। জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৬ শুরু : আজ আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৬। দেশের বর্তমান জনসংখ্যা ১৬ কোটি ১০ লাখ : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

৭। রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের জন্য রাশিয়ার ১১৩৮ কোটি ডলার ঋণ অনুমোদন

৮। ব্যাংকিং চ্যানেলে জঙ্গিদের জন্য অর্থ আসছে কিনা খতিয়ে দেখছে বাংলাদেশ ব্যাংক

৯। বাংলাদেশের তৈরি পোশাকে আগ্রহ সিয়েরা লিওনের

১০। রাজধানীর খিলগাঁওয়ে মেসে অভিযান চালিয়ে ককটেল, চাপাতি, জিহাদি বই উদ্ধার
: শিবির নেতাসহ গ্রেফতার ১৯

চলমান পাতা-২

১। **সব বাহিনীকে আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষতা অর্জন করতে হবে**
**: এসএসএফের প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রের সকল নিরাপত্তা বাহিনীকে আধুনিক প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা অর্জনের তাগিদ দিয়ে বলেছেন, নিরাপত্তা বাহিনীর প্রত্যেক সদস্যকে সন্ত্রাস এবং জঙ্গিবাদের বিরুদ্ধে লড়াই চালিয়ে যেতে প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক প্রযুক্তি ব্যবহারে দক্ষতা অর্জন করতে হবে। এর জন্য যা যা প্রয়োজন অবশ্যই সরকার তা করবে। জনগণের শক্তিকেই মূলশক্তি হিসেবে আখ্যায়িত করে জনগণকে সঙ্গে নিয়ে সন্ত্রাস ও জঙ্গিবাদ মোকাবিলায় সামাজিক আন্দোলন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তিনি। স্পেশাল সিকিউরিটি ফোর্সের (এসএসএফ) ৩০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গতকাল **১৯** জুলাই মঙ্গলবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের আন্তর্জাতিক কনফারেন্স সেন্টারে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র - **ইত্তেফাক** ( পৃ.১,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৫) **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।**সংবাদ, যুগান্তর, সমকাল, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি সানসহ** অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **দেশবাসীকে সঙ্গে নিয়ে জঙ্গিবাদ প্রতিহত করবো : সংসদে প্রধানমন্ত্রী**

গুলশান, শোলাকিয়া, পবিত্র মদিনা ও ফ্রান্সে সন্ত্রাসী-জঙ্গি হামলার ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে সর্বসম্মতিক্রমে একটি প্রস্তাব গৃহীত হয়েছে জাতীয় সংসদে। এই নিন্দা প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শুধু বাংলাদেশেই নয়, সন্ত্রাস এখন সারাবিশ্বেই ছড়িয়ে পড়েছে। কাজেই এটা বাংলাদেশের একার সমস্যা নয়। সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে সারাবিশ্বে জনমত সৃষ্টি হয়েছে। সারাবিশ্বই এ ব্যাপারে সচেতন। সন্ত্রাস-জঙ্গিবাদ মোকাবিলায় দেশবাসীর সহযোগিতা চেয়ে তিনি বলেন, মানবতার জয় হবেই। প্রধানমন্ত্রী গতকাল **১৯** জুলাই মঙ্গলবার জাতীয় সংসদে বক্তৃতায় নিজ নিজ এলাকায় গিয়ে সন্ত্রাসবিরোধী কাজ করতে সকল সংসদ সদস্যের প্রতি আহ্বান জানান। সূত্র- **ইত্তেফাক** ( পৃ.১,ক.৭), **সমকাল** ( পৃ.১,ক.২), **ডেইলি সান**( পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১,ক.২),

৩। **মানবসম্পদ উন্নয়নে সহায়তা চাইলেন বাণিজ্যমন্ত্রী : ডব্লিউটিও মহাপরিচালকের সঙ্গে বৈঠক**

বাংলাদেশের মানবসম্পদের দক্ষতা উন্নয়নে বিশ্ববাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) চলমান সহযোগিতা আরও বাড়ানোর আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। কেনিয়া সফররত বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ গত **১৮** জুলাই সোমবার ডব্লিউটিও'র মহাপরিচালক রবার্তো আজোভেদোর সঙ্গে একান্ত বৈঠকে এই আহ্বান জানান। বাণিজ্য মন্ত্রণালয়ের জনসংযোগ বিভাগ এ তথ্য জানিয়েছে। সূত্র- **সমকাল** ( পৃ.১২,ক.৫) **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৫), **অবজারভার** ( পৃ.১৭,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬)।

৪। **জঙ্গিবাদ ও অনাচার রুখবে চলচ্চিত্র : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জাদুকরী শিল্পমাধ্যম চলচ্চিত্র সমাজ থেকে জঙ্গিবাদ, অনাচার, কুসংস্কার দূর করতে ব্যাপক ভূমিকা রাখবে। সেই সঙ্গে দেশে গণতন্ত্র, সাম্য, শান্তি-সমৃদ্ধি, সুশাসন ও দেশীয় সংস্কৃতিকে উজ্জীবিত রাখতেও মানুষকে প্রেরণা জোগাবে চলচ্চিত্র। গতকাল **১৯** জুলাই মঙ্গলবার জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের শেখ রাসেল মিলনায়তনে "চলচ্চিত্র অধ্যয়ন ও প্রশিক্ষণ" গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র- **সমকাল** ( পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** ( পৃ.২,ক.৫)।

৫। **জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৬ শুরু : আজ আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

'জল আছে যেখানে, মাছ চাষ সেখানে'-স্লোগান সামনে রেখে রাজধানীতে শুরু হয়েছে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৬। মাছের প্রজাতি রক্ষা ও উৎপাদন বাড়ানোর লক্ষ্যে **২৫** জুলাই পর্যন্ত চলবে এই কার্যক্রম। গতকাল **১৯** জুলাই মঙ্গলবার রাজধানীর মৎস্য ভবনে এক সংবাদ সম্মেলনে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী মোহাম্মদ ছায়েদুল হক এ কথা বলেন। এর আগে সকালে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী, প্রতিমন্ত্রী ও সচিবের নেতৃত্বে এক বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়।
মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২০ জুলাই বুধবার কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৬' উদ্বোধন করবেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক**

(পৃ.৩,ক.৬), **সমকাল** ( পৃ.১৯,ক.৮), **যুগান্তর** ( পৃ.১৬,ক.১)।

**৬। দেশের বর্তমান জনসংখ্যা ১৬ কোটি ১০ লাখ : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

দেশের জনসংখ্যা বর্তমানে ১৬ কোটি ১০ লাখ। বিশ্ব জনসংখ্যা দিবস পালনকে সামনে রেখে গতকাল ১৯ জুলাই বুধবার স্বাস্থ্য মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক এ তথ্য জানান। বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে প্রতিবছর ১১ জুলাই 'বিশ্ব জনসংখ্যা দিবস' পালন করে বাংলাদেশ। এবার পবিত্র রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে ১১ জুলাইয়ের পরিবর্তে ২১ জুলাই বাংলাদেশে জনসংখ্যা দিবস পালনের সিদ্ধান্ত নেওয়া হয়। জনসংখ্যা দিবসের এবারের প্রতিপাদ্য হচ্ছে ' কিশোরীদের জন্য বিনিয়োগ, আগামী প্রজন্মের সুরক্ষা'। সূত্র- **ইনকিলাব (শেষ পৃ.,ক.৩), প্রথম আলো** (পৃ.১৭,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.২,ক.১)।

**৭। রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের জন্য রাশিয়ার ১১৩৮ কোটি ডলার ঋণ অনুমোদন**

পাবনার রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণে বাংলাদেশের জন্য এক হাজার ১৩৮ কোটি ডলারের ঋণ অনুমোদন দিয়েছে রাশিয়া। এক হাজার ২৬৫ কোটি ডলারের দুটি বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের বাকি অর্থায়ন করবে বাংলাদেশ সরকার। রাশিয়া সরকার গত ১৮ জুলাই সোমবার এই ঋণ অনুমোদন দেয় বলে দেশটির স্বায়ত্তশাসিত সংবাদমাধ্যম আরটি নিউজের এক প্রতিবেদনে জানানো হয়েছে। সূত্র- **সমকাল** ( পৃ.২,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৮। ব্যাংকিং চ্যানেলে জঙ্গিদের জন্য অর্থ আসছে কিনা খতিয়ে দেখছে বাংলাদেশ ব্যাংক**

জঙ্গি অর্থায়ন ঠেকাতে সব ধরনের লেনদেন খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। বিদেশ থেকে দেশে আসা রেমিটেন্স, এলসির অর্থ কোথায়, কীভাবে ব্যবহৃত হচ্ছে এসব বিষয় খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। গতকাল ১৯ জুলাই মঙ্গলবার বাংলাদেশ ব্যাংকের সভাকক্ষে ২৮টি ব্যাংকের প্রধান নির্বাহীর সঙ্গে এ বিষয়ে করণীয় এক বৈঠকে এসব সিদ্ধান্ত হয়। সভায় ব্যাংকগুলোকে জঙ্গি অর্থায়ন প্রতিরোধে সুনির্দিষ্ট কিছু নির্দেশনা দেওয়া হয়। সূত্র- **জনকণ্ঠ** ( পৃ.১,ক.৪), **যুগান্তর**(শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১) **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.৩)।

**৯। বাংলাদেশের তৈরি পোশাকে আগ্রহ সিয়েরা লিওনের**

পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওন বাংলাদেশ থেকে সবচেয়ে বেশি নিট পণ্য আমদানি করার ইচ্ছা পোষণ করেছে। নিরবচ্ছিন্ন নৌবন্দর ব্যবস্থাপনার সুবিধা, কারখানায় অত্যাধুনিক পদ্ধতিতে উৎপাদন ব্যবস্থার নিশ্চয়তা রয়েছে উল্লেখ করে দেশটির উচ্চপর্যায়ের প্রতিনিধি দল এ আগ্রহের কথা জানিয়েছে। বাংলাদেশে সফররত সিয়েরা লিওনের চার সদস্যবিশিষ্ট উচ্চপর্যায়ের প্রতিনিধি দল গতকাল ১৯ জুলাই মঙ্গলবার বিকেএমইএ নেতাদের সঙ্গে নারায়ণগঞ্জে প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভায় এ আগ্রহের কথা জানান। সভায় বিকেএমইএ সভাপতি (অর্থ) জিএম ফারুক ও পরিচালকরা উপস্থিত ছিলেন। সূত্র- **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** ( পৃ.১৮,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.৪,ক.৩)।

**১০। রাজধানীর খিলগাঁওয়ে মেসে অভিযান চালিয়ে ককটেল, চাপাতি, জিহাদি বই উদ্ধার**
**: শিবির নেতাসহ গ্রেফতার ১৯**

রাজধানীর খিলগাঁওয়ের একটি মেস বাড়িতে অভিযান চালিয়ে ককটেল, চাপাতি ও জিহাদি বইসহ ছাত্রশিবিরের নেতাসহ ১৯ জনকে গ্রেফতার করেছে খিলগাঁও থানার পুলিশ। এছাড়া এসব নেতাকর্মীকে বাড়ি ভাড়া দেওয়ার কারণে ও তথ্য গোপন এবং জঙ্গি কর্মকাণ্ডে সহায়তার অভিযোগে বাড়ির মালিক অবসরপ্রাপ্ত শিক্ষক রিয়াদুল করিমকে সন্দেহভাজন হিসেবে আটক করা হয়েছে। খিলগাঁও খানায় ওসি কাজী মাঈনুল ইসলাম জানান, খিলগাঁওয়ের এ ব্লকের ৭৩৩/এ নম্বর বাড়িতে (মেস বাড়ি) গতকাল ১৯ জুলাই মঙ্গলবার ভোরে অভিযান চালিয়ে শিবির নেতাকর্মীদের গ্রেফতার করা হয়। তাদের কাছ থেকে বিপুলসংখ্যক জিহাদি বই, একটি কম্পিউটার, ৭টি ককটেল, ৪টি চাপাতি ও বিভিন্ন দলিলপত্র উদ্ধার করা হয়েছে। তাদের সাথে আর কেউ জড়িত রয়েছে কিনা তা জানতে অভিযান চলছে। সূত্র- **সংবাদ** ( পৃ.১,ক.৩), **যুগান্তর** (পৃ.১,ক.৭),**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫),**জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো:** নওগাঁর আত্রাই উপজেলার ফুলবাড়ি বন্যানিয়ন্ত্রণ বেড়িবাঁধের ভাঙ্গা অংশ দ্রুত মেরামত করে এলাকাবাসীর দুর্ভোগ দূর করার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** ডিএনডি বাঁধের অভ্যন্তরের জলাবদ্ধতা দূর করতে কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা নেওয়াসহ সেই অঞ্চলের নাগরিকদেরও সচেতন হওয়ার আহ্বান।

গ. **যুগান্তর,জনকণ্ঠ :** জঙ্গি নির্মূলে ইউজিসির উদ্যোগকে সাধুবাদ জানিয়ে এ বিষয়ে ব্যাপক সামাজিক আন্দোলনও জরুরি বলে অভিমত।

ঘ. **সংবাদ, জনকণ্ঠ :** রাজধানীর আবাসিক এলাকার অবৈধ স্থাপনা উচ্ছেদের উদ্যোগ যেন প্রভাবশালীদের প্রভাবে থেমে না যায় ও ভবিষ্যতে অননুমোদিত স্থাপনা গড়ে না ওঠে সেটা নিশ্চিত করার আহ্বান।

ঙ. **সমকাল :** ইউরোপের ক্রেতাদের বাংলাদেশের তৈরি পোশাক আমদানি অব্যাহত রাখার মনোভাব পোশাক খাতে স্বস্তির খবর বলে মন্তব্য করে সতর্কতা ও নিরাপত্তা ব্যবস্থার যেন ক্রটি না থাকে তার সুপারিশ।

চ. **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট:** প্রাকৃতিক দুর্যোগ বিশেষ করে ঘূর্ণিঝড় ও ভূমিকম্পের দুর্ভোগ লাঘবে ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের গৃহীত উদ্যোগকে স্বাগত জানিয়ে ভূমিকম্প মোকাবিলায় আরও প্রস্তুতি নেওয়ার আহ্বান।

ছ. **ডেইলি সান, নিউ এজ :** ট্যানারি স্থানান্তরে ট্যানারি মালিকদের হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের প্রত্যাশা।

জ. **নিউ নেশন :** চিনির মূল্য বৃদ্ধির জন্য দায়ীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** আসন্ন বন্যার ক্ষয়ক্ষতি লাঘবে কর্তৃপক্ষকে এখনই প্রতিরোধমূলক ব্যবস্থা জোরদার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে জঙ্গিবাদের শেকড় উপড়ে ফেলা জাতির জন্য এক নম্বর করণীয় কর্তব্য, এ বিষয়ে কোনো সংশয় নেই বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'শিশুদের অপুষ্টি এক অশনি সংকেত'** শিরোনামের নিবন্ধে আফতাব চৌধুরী ভবিষ্যতের উজ্জ্বল বাংলাদেশ গড়ে তুলতে হলে বর্তমানের অপুষ্টিতে ভোগা কঙ্কালসার শিশুদের স্বাস্থ্য ঝলমল করার উদ্যোগ অগ্রাধিকারের ভিত্তিতে নিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/শুকলা/মরজিনা/ আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা